# বড়দিনের গল্প

**বকুল রোজারিও**



বড়দিন মহান যিশু খ্রিস্টের জন্মদিন। খ্রিস্ট ধর্মের প্রবর্তক যিশু খ্রিস্টেন জন্মদিন পবিত্র বাইবেলে উল্লেখ আছে। আজ থেকে প্রায় ২০২০ খ্রিস্টবর্ষ পূর্বে বেথলেহেমের জীর্ণ গোশালায় মানব মুক্তিদাতার জন্ম হয়। যিশুর জন্ম অলৌকিকভাবে ঈশ্বরের মহাপরিকল্পনায় পবিত্র আত্মার প্রভাবে সম্পাদিত হয়।

পবিত্র বাইবেলে মথি লিখিত মঙ্গল সমাচারে উল্লেখ আছে, ‘‘যিশুর মা মারীয়া, যোসেফের সাথে বাগদত্তা হয়েছেন। সেই সময় তাঁদের দৈহিক মিলনের পূর্বে মারীয়া পবিত্র আত্মার প্রভাবে গর্ভবতী হন। যোসেফ ছিলেন অত্যন্ত ধার্মিক ও বিনয়ী। মারীয়াকে নিন্দার পাত্র করতে ইচ্ছা না করাতে, তিনি গোপনে মারীয়াকে ত্যাগ করার চিন্তা করলেন। আর ঠিক তখনই স্বর্গদূত যোসেফকে দর্শন দিয়ে বললেনঃ দায়ূদ সন্তান যোসেফ! তোমার স্ত্রী মারীয়াকে গ্রহণ করতে ভয় করিও না, কারণ তাঁর গর্ভে যে জন্মেছে, তা পবিত্র আত্মার আচ্ছাদনে হয়েছে। মারীয়া একটি পুত্র সন্তান প্রসব করবেন; এবং তুমি তাঁর নাম রাখবে যিশু- ত্রাণকর্তা। তিনি আপন প্রজাদিগকে তাদের পাপ হতে ত্রাণ করবেন’’।

এরপর যোসেফ ও মারীয়া রোম সম্রাটের নির্দেশে যোসেফের নিজ জন্মস্থানে আদমশুমারীর জন্য নাম লিপিবদ্ধ করতে রওনা হন। পথিমধ্যে মারীয়া প্রসব বেদনায় ছটফট করতে থাকেন। যোসেফ মারীয়াকে নিয়ে একটি নিরাপদ জায়গার সন্ধান করেন। কিন্তু তাঁরা কোথাও কোন জায়গা পান নি; অবশেষে এক জীর্ণ গোশালায় নিরব, নিস্তব্ধ, পবিত্র রজনীতে মানব মুক্তিদাতা যিশুখ্রিস্টের জন্ম হয়- অতি দীনবেশে এ ধরায়।

যিশুর জন্মের পর স্বর্গদূতেরা মাঠের, সহজ-সরল রাখালদের যিশুর জন্মের আনন্দের সংবাদ দেনঃ ‘‘ভয় পেয়ো না, আমি এক আনন্দের সংবাদ জানাতে এসেছি; আজ দায়ূদ নগরে তোমাদের ত্রাণকর্তার জন্ম হয়েছে ঐ গোশালায়, তোমরা যাবপাত্রে শিশুটিকে দেখতে পাবে।”

মাঠের রাখালেরা আনন্দে প্রভুর বন্দনা সংগীত নেচে গেয়ে তাদের প্রিয় মেষ শাবক নিয়ে খ্রিস্টপ্রভুকে শ্রদ্ধা ও উপহার প্রদান করেন।

এদিকে প্রভুযিশুর জন্মের বার্তা, পূর্বদেশীও তিনজন জ্ঞানী জ্যোর্তিবিদ পণ্ডিত নক্ষত্র গণনা ও শাস্ত্র পরিমাপ করে জানতে পারে, ইহুদীদের মুক্তিদাতা প্রভুর জন্ম হয়েছে। তাঁর জন্মের পর আকাশে একটি উজ্জ্বল তারা উদিত হয়েছে। সেই মতে তিনজন পণ্ডিত আকাশের উজ্জ্বল তারা অনুসরণ করে প্রভু যিশুকে খুঁজে পান জীর্ণ গোশালায়।

পণ্ডিতগণ গোশালায় যাবপাত্রে শোয়ানো যিশুকে মহা মূল্যবান ধূপধূনো, স্বর্ণ ও গন্ধরস উপহার দিয়ে যিশুকে প্রণাম ও শ্রদ্ধা জানান। তারা বলেন, আমার রাজা, আমার প্রভু, আমার ঈশ্বর।

যিশুর জন্ম আজো সারা পৃথিবীতে মানুষের মাঝে নিয়ে আসে মিলন, প্রেম, ভালবাসা ও ক্ষমা। যিশুর আদর্শ ও তাঁর আত্মত্যাগ পৃথিবীতে আজো খ্রিস্টমণ্ডলী ধারণ করে চলে। তাঁর বাণী আজও এই অশান্ত পৃথিবীতে শান্তির পরশ বিলিয়ে দেয়।

যিশুখ্রিস্টের জন্মদিন বড়দিন সকল জাতি, সকল ধর্মের মানুষের আনন্দের দিন।

**সকলকে শুভ বড়দিন॥** ൭



**মেঘা মারীয়া কস্তা**
হলি চাইল্ড আইডিয়াল স্কুল
৪র্থ শ্রেণি

কেমন তোমার ছবি এঁকেছি!

## বিশ্ব মণ্ডলীর সংবাদ

# বিশ্বনেতা পোপ ফ্রান্সিসের ২০২১ খ্রিস্টাব্দের পথচলা

ফাদার বুলবুল আগষ্টিন রিবেরু

২০২১ খ্রিস্টাব্দটিও করোনার সাথে যুদ্ধ করতে করতেই চলে গেলো। ২০২০ খ্রিস্টাব্দটি বেশিরভাগ মানুষই ঘরে অবস্থান করতে বাধ্য হয়েছিল তবে ২০২১ খ্রিস্টাব্দে জীবনযাত্রা স্বাভাবিক ধারায় ফেরানোর একটি প্রয়াস ছিল। কিন্তু কোভিড-১৯ এর ধরণ পাল্টে আতংক সৃষ্টি করে মানুষকে স্বাস্থ্যবিধির বেড়াজালে সীমিত রাখে। এমনিতর প্রতিকূল অবস্থার মধ্যেও বিশ্ব ধর্মগুরু সর্বজন প্রিয় ও শ্রদ্ধেয় পোপ ফ্রান্সিস তাঁর নিয়মিত কাজসমূহ করে গেছেন যথাযথ স্বাস্থ্যবিধি মেনে। করোনার ভয়াবহতা প্রত্যক্ষ করে তিনি ভাতিকান ও বিশ্ব নেতৃবৃন্দদেরকে উদার আহ্বান করেছিলেন যেন সকলের জন্য জীবন রক্ষাকারী ভ্যাকসিন সহজলভ্য করা হয়। ভ্যাকসিন নিয়ে যখন বিশ্ব রাজনীতি উত্তপ্ত তখন পোপ মহোদয়ের এ বার্তা সকলকে সচেতন করে। সত্য কথার স্পষ্ট উচ্চারণ এবং সকলের কাছে যাবার ও সকলকে কাছে টেনে আনার যে সহজাত ক্ষমতা তাই তাকে বিশ্বনেতার আসন দিয়েছে। তিনি শিশু সুরক্ষা, প্রবীণ-বৃদ্ধ-বৃদ্ধাদের সম্মান ও যত্নদান এবং অভিবাসীদের পক্ষে দৃঢ় অবস্থান নিয়ে অনবরত কথা বলছেন এবং আন্তর্জাতিকমহলকে তাতে সাড়া দিতে অনুরোধ করছেন।

১ জানুয়ারি মা মারীয়ার হাতে নিজেকে সঁপে বছরটি শুরু করেন তিনি এবং বিশ্বে শান্তি স্থাপনের জন্য সকলকে আহ্বান করেন। শান্তি দিবসের বাণীতে তিনি জোর দিয়ে বলেন, যত্নদানের সংস্কৃতিই শান্তির পথ। শান্তি স্থাপন করতে হলে একজন আরেকজনকে সেবাযত্ন করতে হবে। পরিবারের যারা বৃদ্ধ-বৃদ্ধা তারা অনেক সময় অবহেলা ও উদাসীনতার শিকার হন। তাদের কষ্ট-বেদনা তাঁকে স্পর্শ করে। তাই তিনি পিতামহ-পিতামহী ও প্রবীণদের সাহস যুগিয়ে ১৮ জুন এক বিশেষ বার্তা প্রেরণ করেন। যেখানে তিনি উল্লেখ করেন, : যিশু বলেন,'আমি সর্বদা তোমাদের সঙ্গে আছি।' পিতামহ/মহীদের স্মরণ করিয়ে দিয়ে পোপ মহোদয় বলেন, স্বর্গে যাবার আগে যিশু তাঁর শিষ্যদের কাছে এ কথা বলেছিলেন। প্রত্যেকজন বয়ষ্ক ব্যক্তিদের উদ্দেশ্য করে তিনি বলেন, সমগ্র মণ্ডলী আপনাদের ও আমাদের পাশেই আছে- আপনাকে যত্ন নেন, ভালবাসেন এবং কখনো একাকী রাখতে চান না। উল্লেখ্য এ বছরই পোপ মহোদয় বিশ্ব পিতামহ-পিতামহী দিবস সাধু যোয়াকীম ও সাধ্বী আন্নার স্মরণদিবসের কাছাকাছি রবিবারে পালন করার নির্দেশ দেন। তিনি বিশ্ব দাদা-দাদী ও প্রবীণ দিবস প্রতিষ্ঠা করেছেন কারণ দাদা-দাদীদেরকে প্রায়ই ভুলে যাওয়া হয়। তিনি দাদা-দাদী ও নাতি-নাতনিদের পরস্পরকে চেনা-জানার ওপর বিশেষ জোর দেন।

২০২১ খ্রিস্টাব্দের প্রতিকূল পরিবেশে যদিও যথেষ্ট সুযোগ ছিল না স্বাভাবিক সমাবেশে কাজ করার তথাপি যখনই সুযোগ হয়েছে পোপ মহোদয় ছুটে গিয়েছেন মানুষের কাছে। স্বাস্থ্য বিধিনিষেধ থাকায় ইতালির ভেতরে কোন পালকীয় সফর না করলেও পুণ্যপিতা ইতালির বাইরে ৩টি বড় প্রৈরিতিক সফর করে ভীত-শংকিত মানুষকে আশান্বিত করেন।

**মধ্যপ্রাচ্যের দেশ ইরাকে পুণ্যপিতার সফরঃ** ভ্রাতৃত্ব বৃদ্ধিতে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ পোপ মহোদয়ের ইরাক সফর। করোনা মহামারি ও নিরাপত্তা ঝুঁকির মধ্যেও ইরাকে চারদিনের ঐতিহাসিক সফর করেছেন পোপ ফ্রান্সিস। ৫-৮ মার্চ পর্যন্ত ইরাকে অবস্থান করেন তিনি। মধ্যপ্রাচ্যে উত্তেজনা এবং কোভিড-১৯ জনিত পরিস্থিতির কারণে অনেকেই কাথলিক এ ধর্মগুরুকে ইরাক সফরে না যাওয়ার পরামর্শ দিয়েছিলেন। পোপ ফ্রান্সিস তাতে কান দেননি। "ইরাকের খ্রিস্টানদের দ্বিতীয়বারের মত হতাশ হতে দেওয়া যাবে না" বলে মন্তব্য করেন তিনি। উল্লেখ্য ১৯৯৯ খ্রিস্টাব্দে তৎকালীন পোপ ২য় জন পলের ইরাক সফরের কথা থাকলেও সাদ্দাম হোসেন সরকারের সঙ্গে আলোচনা ভেস্তে যাওয়ায় ওই সফর বাতিল হয়ে যায়। তবে এবার ইরাকবাসীদের হতাশ করেননি পোপ ফ্রান্সিস। কাথলিক মণ্ডলীর প্রধান কোন ধর্মগুরুর এটিই প্রথম ইরাক সফর। আর তাই এই সফর ইরাকের খ্রিস্টানদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। পোপ মহোদয়ের ইরাকে প্রৈরিতিক সফরকে ইরাক সরকার বেশ গুরুত্বের সঙ্গে নিয়েছিল। তাঁর নিরাপত্তায় ইরাকের নিরাপত্তা বাহিনীর ১০ হাজার সদস্য মোতায়েন করা হয়। পাশাপাশি জনসমাগম নিয়ন্ত্রণে করোনা সংক্রমণ ঝুঁকি কমাতে ২৪ ঘণ্টার কারফিউ জারি করা হয়। পোপ ফ্রান্সিস ৪ দিনের সফরে বাগদাদ, মসুল ও কারাকাস গমন করেছেন। এছাড়াও ইরবিলে কুর্দি কর্তৃপক্ষের সঙ্গে সাক্ষাত করেন। প্রায় দেড় লাখ খ্রিস্টান ধর্মাবলম্বী সেন্ট্রাল ইরাক থেকে পালিয়ে এসে এখানে আশ্রয় নেয়। প্রথমে আল কায়দা ও পরে আইএস ইরাকে খ্রিস্টানদের আক্রমণ করেছে। তার ফলে লাখ লাখ খ্রিস্টান তুরস্ক, লেবানন, জর্ডন এবং উত্তর ইরাকের কুর্দি এলাকায় চলে গেছেন। পোপ মহোদয় তাঁর প্রৈরিতিক সফরের দ্বিতীয় দিনে প্রাচীন উর শহর পরিদর্শন করেন। যে শহর ইসলাম, খ্রিস্টান ও ইহুদী এই তিন ধর্মের জন্যই পবিত্র স্থান। এখানে বিশ্বাসীদের পিতা আব্রাহাম জন্মেছিলেন বলে ধারণা করা হয়। পোপ আশা করছেন এই শহরে তার সফর তিন সম্প্রদায়ের মধ্যে আপোষ ও সৌহার্দ্যের একটা পথ প্রশস্ত করবে। ইরাকের উর শহরে পোপ ফ্রান্সিসের আকর্ষণে সমবেত হয়েছিলেন আন্তঃধর্মীয় জাতিগোষ্ঠীর জনগণ, তাঁর ভাষণ শুনেছেন মনমুগ্ধ হয়ে। ইরাকের এই প্রাচীন শহর, উর, বহু শতাব্দী ধরে বিভিন্ন ধর্মের লোকজনদের বন্ধুত্বের বন্ধনে আবদ্ধ করেছে। সেই বন্ধন নতুন মাত্রা পেলো, পোপের ভালোবাসার বাণী শুনে। খ্রিস্টান, মুসলমান, ইয়াজিদি ও মান্ডিয়ান ধর্মীয় লোকজনদের সহ-অবস্থানের বাণী শোনালেন পোপ ফ্রান্সিস ও নাজাফে সর্বোচ্চ শিয়া ধর্মীয় নেতা, আয়াতোল্লা আল-সিসতানি। ধর্মীয় দুই নেতা তাদের বিবৃতিতে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে ভ্রাতৃত্ব, ভালোবাসা ও শান্তিপূর্ণ সহ-অবস্থানের ওপর বিশেষ জোর দেন। শিয়া ধর্মীয় নেতা সিসতানী বলেন, "ধর্মীয় নেতাদের একটি দায়িত্ব হলো ইরাকী খ্রিস্টানদের নিরাপত্তা নিশ্চিত করা- যেন তারা পূর্ণ অধিকার নিয়ে শান্তিপূর্ণভাবে বসবাস করতে পারেন।" গ্র্যান্ড আয়াতোল্লা আল-সিসতানি জানান "ইরাকের আর সব জনগণের মত খ্রিস্টান নাগরিকদেরও শান্তি ও নিরাপত্তার মধ্যে এবং তাদের পূর্ণ সাংবিধানিক অধিকার নিয়ে জীবন কাটাতে না পারার বিষয়টাতে তিনি উদ্বিগ্ন।" ইরাকের সাম্প্রতিক ইতিহাসে সবচেয়ে সহিংস একটা সময়ে দেশটির "সবচেয়ে দুর্বল এবং সবচেয়ে নির্যাতিত সম্প্রদায়ের মানুষের পক্ষ নিয়ে কথা বলার" জন্য পোপ ফ্রান্সিস আয়াতোল্লাকে ধন্যবাদ জানিয়ে বলেন, শিয়া নেতার শান্তি বার্তা ইরাকের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে "ঐক্যের গুরুত্ব এবং সব মানুষের জীবনই যে পবিত্র ও মূল্যবান" তা নিশ্চিত করেছে। উল্লেখ্য ৯০ বছরের গ্র্যান্ড আয়াতোল্লা আল-সিসতানির সাক্ষাৎ পাওয়া খুবই বিরল, তিনি মানুষজনের সাথে সচরাচর দেখা করেন না। কিন্তু পোপের সাথে তিনি প্রায় ৫০ মিনিট ধরে কথা বলেছেন। উভয়েই ইরাকে মুসলিম ও খ্রিস্টানদের সৌহার্দ্য ও শান্তিপূর্ণ সহাবস্থানের উপর জোর দিয়েছেন।

**ইউরোপের হৃদয়ে (স্লোভাকিয়ায় ও বুদাপেস্টে) পোপ মহোদয়ের সফরঃ** সেপ্টেম্বর ১২-১৫, ২০২১ খ্রিস্টাব্দে পোপ ফ্রান্সিস ইতালির বাইরে ৩৪তম প্রৈরিতিক সফরে গিয়েছিলেন বুদাপেস্ট ও স্লোভাকিয়ায়। এই সফরে তিনি খ্রিস্টপ্রসাদের প্রতি বিশ্বাসীদের ভক্তির সাথে একাত্ম হয়ে আন্তঃধর্মীয় সম্পর্ককে জোরদার করতে বিভিন্ন কর্মসূচীতে অংশ নিয়েছেন। পোপ মহোদয় বুদাপেস্টে যাবেন তা প্রথম ঘোষণা করেন মার্চ ৪, ২০২১ খ্রিস্টাব্দে ইরাক সফর থেকে ফেরার পথে। তখন প্রকাশ করা হয় তিনি খ্রিস্টপ্রসাদীয় মহাকংগ্রেসে উপস্থিত থাকবেন। তাই বুদাপেষ্টে তার সফর হাঙ্গেরীতে রাষ্ট্রীয় সফর নয়। পোপ মহোদয় হাঙ্গেরীর রাজধানী বুদাপেস্টে শুধুমাত্র একটি সকাল থাকেন। যেসময়ে তিনি খ্রিস্টপ্রসাদীয় মহাকংগ্রেসের সমাপনী খ্রিস্টযাগ উৎসর্গ করেন এবং এর পরপরই দেশটির কাথলিক বিশপ, অন্যান্য মণ্ডলী ও ইহুদীদের প্রতিনিধি এবং রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎ করেন। বুদাপেষ্টে যদিও পোপ মহোদয়ের সফর অতি সংক্ষিপ্ত তথাপি মধ্য ইউরোপের জন্য এই সফর অনেক গুরুত্ব বহন করে। এই খ্রিস্টপ্রসাদীয় কংগ্রেসে অংশগ্রহণ করা থেকেই স্লোভাকিয়া সফরের পরিকল্পনা করা হয়। আন্তর্জাতিক এই খ্রিস্টপ্রসাদীয় কংগ্রেসে অংশগ্রহণ করে পোপ ফ্রান্সিস তাঁর পূর্বসূরীদের পদাঙ্ক অনুসরণ করছেন এবং খ্রিস্টপ্রসাদের প্রতি সকলের শ্রদ্ধা আরো বৃদ্ধি করতে চান। ১৯শ শতকের শেষের দিকে লিল্লেতে অনুষ্ঠিত প্রথম খ্রিস্টপ্রসাদীয় কংগ্রেসকে পোপ ত্রয়োদশ লিও উৎসাহ যোগান যাতে করে খ্রিস্টপ্রসাদের প্রতি আরো জ্ঞান বৃদ্ধি পায়। পোপ ৫ম পিউস ১৯০৫ খ্রিস্টাব্দ কংগ্রেসে আনুষ্ঠানিকভাবে প্রথম অংশগ্রহণ করেন। অনেক বছর পরে, ১৯৬১ খ্রিস্টাব্দে বোম্বেতে ও ১৯৬৮ খ্রিস্টাব্দে বোগোতাতে পোপ ৬ষ্ঠ পল কংগ্রেসে সভাপতিত্ব

করেন। ১৯৮৫ খ্রিস্টাব্দে নাইরোবিতে, ১৯৮৯ খ্রিস্টাব্দে সিউলে এবং ১৯৯৩ খ্রিস্টাব্দে সিউলে, ১৯৯৭ খ্রিস্টাব্দে পোলাণ্ডে এবং ২০০০ খ্রিস্টাব্দে রোমে পোপ সাধু জন পল খ্রিস্টপ্রসাদীয় কংগ্রেস আয়োজন করেন। পোপ বেনেডিক্ট তার পোপীয় শাসনকালে অনুষ্ঠিত দু'টি খ্রিস্টপ্রসাদীয় কংগ্রেসের কোনটিতেই অংশ নিতে পারেননি। পোপ ফ্রান্সিস আরাধনার ও প্রার্থনার এ সুযোগ নিয়ে বুদাপেস্টে খ্রিস্টপ্রসাদীয় কংগ্রেসে অংশ নিয়েছিলেন। পরবর্তী খ্রিস্টপ্রসাদীয় কংগ্রেস অনুষ্ঠিত হবে ২০২৪ খ্রিস্টাব্দে।

৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ; পোপ মহোদয়ের প্রৈরিতিক যাত্রার মাত্র একসপ্তাহ আগে তিনি উল্লেখ করেন ভৌগলিক অবস্থান চিন্তা করলে স্লোভাকিয়ায় যাওয়া মানে ইউরোপের হৃদয়ে বা কেন্দ্রে যাওয়া। আধ্যাত্মিকভাবে হৃদয়ে যাত্রা চিন্তা করলে দেখা যায়, স্লোভাকিয়াই মধ্য ইউরোপের প্রথম খ্রিস্টান দেশ। ৮২৮ খ্রিস্টাব্দে রাজা প্রিবিনা ঐ অঞ্চলে প্রথম গির্জা নির্মাণ করেন। প্রায় ১২০০ বছর পর যা আজ একটি খ্রিস্টান দেশ। যার ৬৫% অধিবাসী কাথলিক এবং প্রায় ৮৫% খ্রিস্টান। ২০ বছরের কম্যুনিষ্ট শাসনের পর ২০০৯ খ্রিস্টাব্দে স্লোভাকিয়া ইউরোপীয় ইউনিয়নে যুক্ত হয় এবং দেশের উন্নয়নে প্রভূত ইতিবাচক ভূমিকা পালন করছে। রোমান কাথলিক চার্চের সাথে যুক্ত আছে স্লোভাক গ্রীক-কাথলিক চার্চ। স্লোভাকিয়ার অর্থডক্সদের উপস্থিতি এই অঞ্চলে সাধু মেথোডিস এর বাণীপ্রচারের কথা স্মরণ করিয়ে দেয়। স্লোভাকিয়ায় উল্লেখযোগ্য সংখ্যক প্রোটেস্ট্যান্টদের উপস্থিতি লক্ষ্যণীয়। তারা বেশিরভাগই ক্যালবিন বা লুথারপন্থী। পুরাতন শত্রুতা ভুলে স্লোভাকিয়াতে এখন সবাই শান্তিতে সহাবস্থানে আছে।





**সাইপ্রাস ও গ্রীসে পোপ মহোদয়ের ৩৫তম প্রৈরিতিক সফর:** ২-৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দে ৫দিনের এক বিশেষ সফর সমাপ্ত করেন ৮৫ বছরের পোপ ফ্রান্সিস। ২-৪ ডিসেম্বর পোপ মহোদয় সাইপ্রাসে থাকেন। সাইপ্রাসে প্রায় ২৫ হাজার কাথলিক খ্রিস্টান বাস করেন, যাদের বড় একটি অংশের মানুষ ফিলিপাইন্স ও দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশ থেকে আসা। তবে সাইপ্রাসের বাসিন্দারা মূলত গ্রিক অর্থডক্স সম্প্রদায়ের। পোপ মহোদয়ের এই সফর গ্রীক অর্থডক্স ও কাথলিক খ্রিস্টানদের কাছাকাছি আনতে সাহায্য করবে বলে মনে করেন রাজধানী নিকোসিয়ার জনগণ। ৩ ডিসেম্বর নিকোসিয়ার ফুটবল স্টেডিয়ামে পোপ মহোদয়ের বার্তা শুনতে হাজির হয় ৭ হাজার অভিবাসী। অভিবাসীদের সাথে একাত্ম হবার সাথে সাথে সংলাপের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয় এই সফরে। তবে সাইপ্রাসে অসংখ্য অভিবাসী ভাই-বোনের উপস্থিতি এই অঞ্চলে বিভিন্ন জাতি ও সংস্কৃতির সাথে পরিচয় ঘটাচ্ছে। সাইপ্রাসের অভিজ্ঞতা ইউরোপকে স্মরণ করায় যে 'আমাদের একসাথে মানবিকতার উদ্দেশে কাজ করার কথা, যেখানে সব বিভেদ ও দেওয়ালকে অতিক্রম করা সম্ভব। গ্রীসেও পোপ মহোদয় শরণার্থী ও অভিবাসন ইস্যু নিয়ে কথা বলেন। তিনি ইউরোপের অভিবাসী বিরোধী প্রবণতার মুখে তাদের একাত্ম হবার আহ্বান জানিয়েছেন। তিনি কয়েকটি আশ্রয়শিবির পরিদর্শন করেন। গ্রীস সফরের দ্বিতীয় দিনে তিনি শিশু আশ্রয়প্রার্থীদের একটি ছোট দলের কাছে যান। শিশুদের স্নেহের সাথে অভিবাদন জানাতে গেলে একজন পথিক পোপ মহোদয়কে তোমাকে ভালবাসি' বলে উঠে। লেসবোসে সফর ছোট হলেও অভিবাসীদের জন্য তা উদ্দীপনামূলক। এথেন্সে এসে পোপ মহোদয় রাষ্ট্রীয় কর্তৃপক্ষের সাথে মিলিত হন।

সুযোগ ও সময়ের যথার্থ ব্যবহার করে পোপ মহোদয় যেমনিভাবে পৃথিবীর বিভিন্ন দেশে পরিদর্শনে যান ঠিক একইভাবে তাঁর ভাতিকানসিটিতেও তিনি বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান বা সরকারদলীয় প্রধানদের সাথে সাক্ষাৎ করেন। ২০২১ খ্রিস্টাব্দেও সে ধারা অব্যাহত ছিল।

**বিশ্ব নেতৃবৃন্দের সাক্ষাৎ:** ২৯ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ রোজ শুক্রবার সকালে অ্যাপস্টলিক প্যালেসে আমেরিকার প্রেসিডেন্ট যোসেফ বাইডেন পুণ্যপিতা পোপ ফ্রান্সিসের সাথে সাক্ষাৎ করেন। ৯০ মিনিটের এই সাক্ষাতে প্রেসিডেন্ট জো - বিশ্বে দারিদ্র, ক্ষুধা, সংঘাত ও নিপীড়নে ভুগছেন এমন মানুষদের সমর্থনের জন্য পোপকে ধন্যবাদ জানান। তিনি জলবায়ু সংকটের লড়াইয়ে পোপ ফ্রান্সিসের নেতৃত্বের প্রশংসা করেন। পাশাপাশি সবার জন্য টিকা নিশ্চিতকরণ এবং ন্যায় সঙ্গত বৈশ্বিক অর্থনৈতিক পুনরুদ্ধারের মাধ্যমে সবার জন্য মহামারির ইতি টানার বিষয়ে পোপের সমর্থনের প্রশংসা করেন।

পরে বাইডেন দম্পতি পোপ মহোদয়ের সাথে ব্যক্তিগত সাক্ষাৎ করেন। এরপর একটি প্রতিনিধি বৈঠকে অংশ নেন যেখানে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনী ব্লিঙ্কেন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জেইক সালিভান ও হোয়াইট হাউজের ডেপুটি চিফ স্টাফ জেন ও'ম্যালি ডিলন উপস্থিত ছিলেন। ঐতিহ্যগতভাবে প্রেসিডেন্ট বাইডেন ও ফার্স্ট লেডি কালো পোষাক পরিহিত ছিলেন। প্রেসিডেন্ট বাইডেন ও পোপ ফ্রান্সিস ইতোমধ্যে তিনবার সাক্ষাৎ করেছেন, নির্বাচিত হবার পর এটিই তার প্রথম সাক্ষাৎ।

জি-২০ সামিট ও জাতিসংঘের জলবায়ু বিষয়ক কপ২৬ এ অংশগ্রহণের প্রাক্কালে দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জায়ে-ইন শুক্রবার ২৯ অক্টোবর ভাতিকানে পোপ ফ্রান্সিসের সাথে সাক্ষাৎ ও আলোচনা করেন। আন্তরিকতাপূর্ণ আলোচনায় রাষ্ট্র ও সমাজের প্রতি কাথলিক মণ্ডলী যে ইতিবাচক অবদান রেখে চলেছে সেই দ্বিপাক্ষিক সুসম্পর্কের প্রশংসা করা হয় এবং একই সাথে কোরিয়াতে সংলাপ ও পুনর্মিলন স্থাপনের জন্য বিশেষ সহযোগিতা প্রত্যাশা করা হয়।

৩০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দে ভাতিকানসিটিতে পৌঁছে পোপ ফ্রান্সিসের সাথে সাক্ষাৎ করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সৌহার্দ্যপূর্ণ এই সাক্ষাতে তারা করোনা, সাধারণ বৈশ্বিক পরিস্থিতি এবং শান্তি-স্থিতিশীলতা বজায় রাখা সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। প্রধানমন্ত্রী মোদি ও কাথলিক মণ্ডলী প্রধান পোপ ফ্রান্সিসের মধ্যে প্রথম মুখোমুখি সাক্ষাৎ এটি। দুইজনের এই বৈঠক মাত্র ২০ মিনিটের জন্য নির্ধারিত থাকলেও বৈঠক চলে ঘন্টাখানেক। এই সময়ে প্রধানমন্ত্রী মোদি পোপ মহোদয়কে ভারতে আসার আমন্ত্রণ জানান। পোপ মহোদয়ের সঙ্গে দেখা করার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি টুইট করে বলেন: পোপ ফ্রান্সিসের সাথে উষ্ণ সাক্ষাৎ হয়েছে। আমি তার সাথে অনেক বিষয়ে আলোচনা করার সুযোগ পেয়েছি এবং তাকে ভারতে আসার আমন্ত্রণও দিয়েছি।

**সাধু যোসেফ বর্ষ ও বিশপ সিনড ২০২৩:** ২০২১ খ্রিস্টাব্দে মাণ্ডলীক আলোচিত দু'টি বিষয়। সাধু যোসেফ বর্ষ ঘোষিত হয়েছিল ৮ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দে এবং যার সফল সমাপ্তি হয়েছে ৮ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দে। এ সময়ে পোপ মহোদয় বিভিন্ন উপলক্ষে সাধু যোসেফের উপর ধর্মশিক্ষা দান করেন এবং তাঁর মধ্যস্থতায় আমাদেরকে প্রার্থনা করতে বলেন। ১ মে ২০২১ খ্রিস্টাব্দ সাধু যোসেফের সম্মানে তাঁর স্তব-স্তুতিকায় (লিতানিতে) আরো ৭টি অনুনয় প্রার্থনা যুক্ত করেছেন। সর্বজনীন মণ্ডলীর প্রতিপালক সাধু যোসেফের স্তব-গীতিকা ১৯০৯ খ্রিস্টাব্দে ভাতিকানের অনুমোদন পায়। পরবর্তীতে পোপ মহোদয়গণও সাধু যোসেফের এই বিশেষ বৈশিষ্ট্যগুলো চিন্তা ও ধ্যান করেন। যার ফলে সাধু যোসেফের স্তব-গীতিকা হালনাগাদকরণের লক্ষ্যে ভাতিকানের ঐশভক্তি ও সাক্রামেন্ত বিষয়ক দপ্তর তাদের চিন্তা ও অনুসন্ধান পোপ ফ্রান্সিসের কাছে উপস্থাপন করলে পোপ মহোদয় তাতে অনুমোদন দেয় এবং আরো ৭টি অনুনয় প্রার্থনা স্তবে যুক্ত হয়। সংযোজিত অনুনয় প্রার্থনাগুলো হলো; **মুক্তিদাতার অভিভাবক, খ্রিস্টের দাস, মুক্তির সেবক, সংকটে অবলম্বন, নির্বাসিতদের প্রতিপালক, নিপীড়িতদের প্রতিপালক ও দরিদ্রদের প্রতিপালক।** বিশপ সিনডের ধারণা থেকে সিনডীয় মণ্ডলী গড়ে তোলার জন্য পোপ ফ্রান্সিস যে উদাত্ত আহ্বান রেখেছেন তা বাস্তবায়িত করার জন্য স্থানীয় মণ্ডলীগুলো চেষ্টা করে চলেছে। পোপ ফ্রান্সিসের নেতৃত্বে বিশ্বমণ্ডলী একসাথে যিশুর দিকে চালিত হবে। ৮৫ বছর বয়সী পোপ ফ্রান্সিস বিশ্ব বিবেক হয়ে সত্য ও ন্যায়ের পথে মণ্ডলীকে পরিচালনা করুক যেখানে একজন আরেকজনের ভাইবোন হয়ে ওঠবে॥

**- তথ্যসূত্র : *news.va***

# দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:, ঢাকা

**THE CHRISTIAN CO-OPERATIVE CREDIT UNION LTD., DHAKA**

(স্থাপিত ঃ ১৯৫৫ খ্রিঃ রেজিঃ নং-৪২/১৯৫৮/ Estd. 1955, Regd. No. 42/1958)

সূত্র নংঃ দিসিসিসিইউএল/এইচআরডি/সিইও/২০২১-২০২২/৪৬৮ তারিখ: ১৩ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা-এর জন্য নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স | লিঙ্গ | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ম্যানেজার, মিডিয়া ও পাবলিকেশন ডিপার্টমেন্ট | ০১ | অনুর্ধ ৪৫ বছর | পুরুষ/ নারী | আলোচনা সাপেক্ষ | - অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে (সাংবাদিকতা বিষয়ে ডিগ্রীপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে)।<br>- প্রকাশনা/সম্পাদনা কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে যার মধ্যে সম্পাদক/সহসম্পাদক হিসেবে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>- কম্পিউটার (এম.এস.অফিস), বর্তমান ডিজিটাল যোগাযোগের নানা মাধ্যম যেমন, ফেসবুক, ম্যাসেঞ্জার, ইনস্টাগ্রাম, ইত্যাদি বিষয়ে জ্ঞান থাকা অত্যাবশকীয়।<br>- জাতীয় মেইনস্ট্রিম মিডিয়ার সাথে নেটওয়ার্ক থাকা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিতহবে।<br>- প্রামান্য চিত্র তৈরীর জন্য স্ক্রিপ্ট লেখা ও নির্দেশনা প্রদান।<br>- ফটোগ্রাফিতে কমপক্ষে এক বছরের অভিজ্ঞতা।<br>- ওয়েবসাইট ও ইউটিউবে কনটেন্ট আপলোড করার অভিজ্ঞতা।<br>- ইংরেজীতে স্ক্রিপ্ট লিখতে পারা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | নিউজ এডিটর (অফিসার) | ০১ | অনুর্ধ ৩৫ বছর | পুরুষ/ নারী | আলোচনা সাপেক্ষ | - অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে (সাংবাদিকতা বিষয়ে ডিগ্রীপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে)।<br>- সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>- কম্পিউটার (এম.এস.অফিস)-সহ বর্তমান ডিজিটাল যোগাযোগের নানা মাধ্যম যেমন, ফেসবুক, ম্যাসেঞ্জার, ইনস্টাগ্রাম, ইত্যাদি বিষয়ে জ্ঞান থাকা আবশ্যক।<br>- প্রামান্য চিত্র তৈরীর জন্য স্ক্রিপ্ট লেখা।<br>- ফটোগ্রাফিতে কমপক্ষে এক বছরের অভিজ্ঞতা।<br>- ওয়েবসাইট ও ইউটিউবে কনটেন্ট আপলোড করার অভিজ্ঞতা।<br>- ইংরেজীতে স্ক্রিপ্ট লিখতে পারা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |

## শর্তাবলী

০১। আবেদনপত্রসহ পূর্ণ জীবনবৃত্তান্ত পাঠাতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
০২। ০২ (দুই) জন গণ্যমান্য ব্যক্তির নাম ও ঠিকানা রেফারেন্স হিসাবে দিতে হবে (যিনি আপনাকে ভালভাবে চেনেন)।
০৩। খামের উপর আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে।
০৪। চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (NID) ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
০৫। সদ্য তোলা ০১ (এক) কপি (রঙিন) পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটোকপি।
০৬। আগ্রহী প্রার্থীগণকে অবশ্যই সৎ, কর্মঠ, পরিশ্রমী এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
০৭। সমিতির প্রয়োজনে যে কোনো দিন ও যে কোনো সময় কাজ করার মানসিকতা থাকতে হবে।
০৮। পেশাগত প্রয়োজনে যে কোন সময় যে কোন স্থানে যাবার মানসিকতা থাকতে হবে।
০৯। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষ।
১০। ব্যক্তিগভাবে যোগাযোগকারী প্রার্থীকে অযোগ্য বলে বিবেচনা করা হবে।
১১। যারা ধুমপান ও নেশাজাতীয় দ্রব্য গ্রহণে অভ্যস্ত, তাদের আবেদন করার প্রয়োজন নেই।
১২। এই নিয়োগ বিজ্ঞপ্তি কোনো কারণ দর্শানো ব্যতীত পরিবর্তন, স্থগিত বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১৩। আবেদনপত্র আগামী ০৫ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে সন্ধ্যা ৭টার মধ্যে নিম্ন ঠিকানায় পৌছাতে হবে।
১৪। এই নিয়োগ বিজ্ঞপ্তিটি www.cccul.com ওয়েবসাইটে পাওয়া যাবে।

**আবেদনপত্র পাঠানোর ঠিকানা**

লিটন টমাস রোজারিও
চিফ এক্সিকিউটিভ অফিসার
দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা
রেভাঃ ফাদার চার্লস জে. ইয়াং ভবন
১৭৩/১/এ, পূর্ব তেজতুরী বাজার, তেজগাঁও, ঢাকা - ১২১৫।

**ইগ্নাসিওস হেমন্ত কোড়াইয়া**
সেক্রেটারী-দি সিসিসি ইউ লিঃ, ঢাকা।



জরুরি প্রয়োজনে ঢাকা ক্রেডিট থেকে নিন

# ইনস্ট্যান্ট লোন

**সুবিধাসমূহ:**

* এই ঋণ জরুরি আর্থিক প্রয়োজন মিটাবে।
* অ্যাপ ব্যবহার করে ঋণের আবেদন করে তাৎক্ষণিক ঋণ পাওয়া যাবে।
* অনুমোদিত ঋণের টাকা পাবেন এটিএম/সঞ্চয়ী হিসাবে।
* প্রয়োজন হবে না কোনো জামিন।
* প্রথম ঋণ নেওয়া যাবে ৫,০০০/- টাকা।
* দুইটি ঋণ নিয়মিত পরিশোধ করলে ঋণ পাওয়া যাবে ১০,০০০/- টাকা।
* একটি ঋণ পরিশোধের পর প্রয়োজনে তাৎক্ষণিকভাবে আরেকটি ঋণ নেয়া যাবে।

**এই ঋণ পেতে:**
সদস্যদের ঢাকা ক্রেডিটের অ্যাপ মোবাইল ফ্যাইনান্সিয়াল সার্ভিস (এমএফএস) রেজিস্ট্রেশন করতে হবে।



ঋণ পরিশোধের সময়
তিন মাস

**যোগাযোগ:**
ঢাকা ক্রেডিটের প্রধান কার্যালয় বা যেকোনো সেবাকেন্দ্রে।
ফোন: ০১৭০৯৮১৫৪০৬

## দ্রুত সেবাগ্রহণ ও মরণোত্তর জটিলতা পরিহার করার জন্য

# আপনার তথ্য হালনাগাদ করুন

- আপনার নাম
- জন্ম তারিখ
- ঠিকানা
- কর্মস্থলের ঠিকানা
- টেলিফোন নম্বর
- বৈবাহিক অবস্থা
- উত্তরাধিকারী (নমিনি)



**দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা**
স্থাপিত : ১৯৫৫ খ্রি: রেজি: নং ৪২/১৯৫৮
১৭৩/১/এ, পূর্ব তেজতুরীবাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
ফোন: ০৯৬৭৮৭৭১২৭০, ০২-৯১৩৯৯০১-২, ঋণ সংক্রান্ত হট নাম্বার: ০১৭০৯৮১৫৪০৬, এটিএম সংক্রান্ত হট নাম্বার: ০১৭০৯৮১৫৪০০
ফ্যাক্স: ৮৮-০২-৯১৪৩০৭৯, ই-মেইল: info@cccul.com, ওয়েব সাইট: cccul.com
অনলাইন নিউজ : dcnewsbd.com, অনলাইন টিভি: dctvbd.com, ফেসবুক : facebook.com/dhakacredit

দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা
THE CHRISTIAN CO-OPERATIVE CREDIT UNION LTD., DHAKA
(স্থাপিত ঃ ১৯৫৫ খ্রিঃ রেজিঃ নং-৪২/১৯৫৮/ Estd. 1955, Regd. No. 42/1958)

Ref: CCCUL/CEO/HRD/2021-2022/422 Date: 20 November, 2021

## Advertisement for the Spoken English & Life Style Course

We are very happy to inform everyone that we are going to start our 38th batch of Spoken English & Life Style Course. The course details are as follows:

| | |
|---|---|
| Focus area of the course | : Speaking, Listening, Writing & Lifestyle |
| Course starting date | : 15 January, 2022 |
| Duration of the course | : 2 months |
| Course fee | : Tk. 3500 /- (Including Application Form and Admission Fee) |
| Class Schedule | : Weekly 3 days (Saturday, Monday & Wednesday 4:00 – 6:00 pm) |
| Collection of form and Submission | : Reception desk of the Credit Union and Website of Dhaka Credit http://www.cccul.com/ |
| Last day of admission | : 13 January, 2022 |
| Admission eligibility | : Any students/youth can get admission (All Community). |

- Those who are looking for a job after graduation will get preference.
- Those who want to move abroad for higher education will get preference.
- The Minimum education qualification is S.S.C.
- The course is taken by highly experienced teacher.
- A Certificate will be awarded after successful completion of the course.
- Students must attend 90 % of the total classes.

**Admission is open for every working day in office hours.**

**Pankaj Gilbert Costa**
President
The CCCU Ltd., Dhaka

**Ignatious Hemanta Corraya**
Secretary
The CCCU Ltd., Dhaka

দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা
THE CHRISTIAN CO-OPERATIVE CREDIT UNION LTD., DHAKA
(স্থাপিত ঃ ১৯৫৫ খ্রিঃ রেজিঃ নং-৪২/১৯৫৮/ Estd. 1955, Regd. No. 42/1958)

Ref: CCCUL/CEO/HRD/2021-2022/423 Date: 20 November, 2021

## Advertisement for IELTS Course

We are very happy to inform everyone that we are going to start our 23rd batch of IELTS Course. The course details are as follows:

| | |
|---|---|
| Focus area of the course | : Speaking, Listening, Writing & Reading |
| Course starting date | : 15 January, 2022 |
| Duration of the course | : 2 months |
| Course fee | : Tk. 7,500/- (Including Application Form and Admission Fee) |
| Class Schedule | : Weekly 3 days (Saturday, Monday & Wednesday) from 6:00 pm - 8:00 pm |
| Collection of form and Submission | : Reception desk of the Credit Union and Website of Dhaka Credit http://www.cccul.com/ |
| Last day of admission | : 13 January, 2022 |
| Admission eligibility | : Any students/youth can get admission (All Community). |

- Those who want to move abroad for higher education will get preference.
- The Minimum education qualification is S.S.C.
- The course is taken by highly experienced teacher.
- Students must be attending 90 % of the total classes.

**Admission is open for every working day in office hours.**

**Pankaj Gilbert Costa**
President
The CCCU Ltd., Dhaka

**Ignatious Hemanta Corraya**
Secretary
The CCCU Ltd., Dhaka

## বিশিষ্ট শিক্ষাবিদ, পরমাত্রিক দার্শনিক এবং নিভৃতচারী কবি ড. অগাস্টিন ক্রুজ রচিত কাব্যগ্রন্থ



ড. অগাস্টিন ক্রুজ

















আলোড়ন সৃষ্টিকারী লেখক, বিশিষ্ট শিক্ষাবিদ, পরমাত্রিক দার্শনিক এবং নিভৃতচারী কবি ড. অগাস্টিন ক্রুজ-দর্শনই তাঁর জীবন, দর্শনই তাঁর ভালোবাসা, দর্শন নিয়েই তাঁর জীবনের সমস্ত কর্মকাণ্ড বিশ্লেষণ করেছেন। ড. অগাস্টিন ক্রুজ রচিত কাব্যগ্রন্থসমূহ হলো: বাংলা- ১) আমার জন্ম হয়েছে বলেই ২) বিধাতার ইচ্ছে ৩) এমন যদি হতো ৪) তবে তাই হউক ৫) মহাপরাজয় ৬) একটা কোমল গোলাপ ৭) সব হৃদয়ে ভালোবাসা আছে ৮) আত্মার সন্ধানে ৯) চাবিকাঠি যেন কারো হাতে ১০) আমি সে স্বর্গ চাই না ১১) মহাকাল কাঁদিছে অঝোরে ১২) বিলাস-ভাবনা ১৩) আমি এমন একটা মানুষ পেতাম যদি ১৪) একটা শেষ নিঃশ্বাসের আয়োজনে ১৫) এক ঝাঁক রাজহাঁস ১৬) হেঁয়ালি বিধাতা এবং ইংরেজি- 1) Silent Music 2) Speechless 3) Let Me Be Alone 4) If I Were Not Born. জ্ঞানকোষ প্রকাশনী গ্রন্থগুলো প্রকাশ করেছেন। আমাদের বিশ্বাস কবিতাগুলো পাঠকদের মনে দাগ কাটবে।

**কাব্যগ্রন্থগু প্রাপ্তি স্থান:- ১)** জ্ঞানকোষ, ১০ - ১১ মমতাজ প্লাজা, ধানমন্ডি, ঢাকা-১২০৫ ২) ফরিদা কর্পোরেশন, নীলক্ষেত, ঢাকা, এবং ৩) প্রতিবেশী প্রকাশনী (তেজগাঁও, সিবিসিবি, নাগরী এবং লক্ষ্মীবাজার)।

**আগামী অমর একুশে গ্রন্থমেলায় কবির আরো ৪টি বাংলা- ১)** অনন্তেই আছি মিশে অগোচরে ২) স্বর্গের ঠিকানা ৩) আমার জন্ম মনুষ্যকুলে না হলে ৪) বিভ্রাটে ভাবনা এবং ২টি ইংরেজি 1) Roaming Soul 2) I Wonder Myself Being শিরোনামে কাব্যগ্রন্থ প্রকাশিত হতে যাচ্ছে।

## ড. অগাস্টিন ক্রুজ সম্পর্কে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত বুদ্ধিজীবীদের বক্তব্য

### DIPLOMATS World

**December, 2020**

What emerges from these pages is a deep-thinker, a seeker of truth and beauty, imaginative, intuitive, searching for meaning and purpose in the world around him, be it a chance encounter or the wonders of nature. It is no small matter to venture into the field dominated by such giants as Shakespeare, Wordsworth and T.S. Eliot. Dr. Cruze is to be commended for his courage.

The vision, the insights, the burning questions, the lofty realisations of this seer-poet are worthy of sharing with the English-speaking world. It will undoubtedly benefit from having the opportunity to read his verses.

**Shantishri McGrath**
Sri Chinmoy Centre, Dhaka

I have had the opportunity to read two books of poems by Dr. Augustine Cruze. He writes poetry in both English and Bengali. His poems, of which he is the author of many, are clearly written from the heart. They express vividly human emotions which we all experience-hope, longing, expectation, disappointment, loss, confusion. They are poems with faith as their root and source.

Faith can be challenged, tested. Faith can struggle and question, but faith remains what is held on to.

The poems have imagery taken from nature and world around us. These poems should be read slowly and, when possible, aloud to get the full impact of them.

The author of so many poems would be the first to admit that not all the poems are of equal value and clarity, but many are very fine and moving.

I would recommend his poems as well worth spending time with. They are written from the heart and will speak to many reader's hearts.

**Fr. Frank Quinlivan, C.S.C.**
English Teacher
Notre Dame University, Bangladesh
Member Board of Trustees.

### The Daily New Nation

**18th May'2018**

Dr. Augustine Cruze has endeavored to bring pseudo-political and religious fervor in the gamut weaving Bengali words in rhymes from earth to heaven above. While weaving Bengali words in rhymes it appears that he used to follow Jibanandio style to some extent using Bengali colloquial and classical words. As a matter of fact his entire idea is likely to be Philosophic. At last he has submitted himself to Almighty entire idea is likely to be confusion regarding socio-religious and political aspects in life on earth that's God willing!

**M Mizanur Rahman**

# তোমাদেরই স্মরণে

পৃথিবীতে সব কিছু শেষ হয়, কন্ঠ গান মুকুলিত প্রাণ ক্ষনকাল রয়,
তারপর স্মৃতিটুকু ব্যথাময়।



**প্রয়াত জেরাল্ড হিপু গমেজ**
জন্ম: ৭ জুন, ১৯৭২ খ্রিস্টাব্দ
মৃত্যু: ২৩ জুলাই ২০১২ খ্রিস্টাব্দ



**প্রয়াত পিউস গমেজ ও প্রয়াত রমনা প্রীতি গমেজ**
জন্ম: ২০ জুলাই ১৯৩৯ খ্রিস্টাব্দ    জন্ম: ১৭ ডিসেম্বর ১৯৫০ খ্রিস্টাব্দ
মৃত্যু: ২৩ জানুয়ারি ২০০৫ খ্রিস্টাব্দ    মৃত্যু: ১৬ ডিসেম্বর ১৯৯৯ খ্রিস্টাব্দ



**প্রয়াত মারীয়া মায়া গমেজ**
জন্ম: ৩১ জানুয়ারি ১৯৮১ খ্রিস্টাব্দ
মৃত্যু: ১৬ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**প্রভু যিশুর জন্মোৎসবে তাঁর চরণে এই নিবেদন রাখি তিনি যেন তোমাদের আত্মার চিরশান্তি প্রদান করেন**

পরিবারের পক্ষে

এলেন, এলিথিয়া, এঞ্জেলা, এনথিয়া, ক্যাথি ও পিউস এলড্রিন

সাপ্তাহিক
**প্রতিবেশী**

সাপ্তাহিক প্রতিবেশী পরিবারের পক্ষ থেকে শুভেচ্ছা নিবেন। এই করোনাকালীন সকল গ্রাহক, পাঠক-পাঠিকা ও বিজ্ঞাপন দাতা পরামর্শ ও বিজ্ঞাপন দিয়ে সহযোগীতা করে যাওয়াতে অনেক ধন্যবাদ ও আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

**নিয়মিত গ্রাহক ও বিজ্ঞাপন দাতাদের সার্কুলেশন ও বিজ্ঞাপন বিভাগের পক্ষ থেকে বড়দিন ও নববর্ষের আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা।**

**নতুন গ্রাহক, গ্রাহক চাঁদা পরিশোধ ও বিজ্ঞাপন দেবার জন্য সরাসরি যোগাযোগ করুন:**

অফিস বিকাশ নাম্বার: ০১৭৯৮-৫১৩০৪২
E-mail: wklypratibeshi@gmail.com

**অফিস সময়**
শনিবার থেকে বুধবার, সকাল ৯টা-বিকাল ৫টা
বৃহস্পতিবার, সকাল ৯টা- ১২টা

**বি: দ্র: বিজ্ঞাপন বিল ও গ্রাহক চাঁদা পরিশোধ করে মানি রশিদ নিজ দায়িত্বে সংগ্রহ করুন।**

## মমতাময়ী মায়ের প্রথম মৃত্যুবার্ষিকী



**প্রয়াত ফ্রান্সিসকা মার্গারেট গোমেজ**
জন্ম: ১৭ আগস্ট, ১৯৩৯ খ্রিস্টাব্দ
মৃত্যু: ৫ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ
বড়গোল্লা, পন্টিনবাড়ি

"মধুর আমার মায়ের হাসি চাঁদের মুখে ঝরে
মা-কে মনে পড়ে আমার মা-কে মনে পড়ে"

আসলেই মা তোমার হাসিমাখা মুখখানি এক মুহূর্তের জন্য ভুলতে পারিনা। অনেক বেদনাভরা মন নিয়ে একটি বছর পার হয়ে গেল। তোমাকে আরো অনেক কিছু দেবার ছিল তার সময় আর পেলাম না। অনেকেই বলে ঈশ্বরের পরে কেউ যদি থাকে সে হলো 'মা'। তোমার আঁচল ছায়ায় আমাদের সবসময় আগলে রেখেছো। তোমার সবকিছু ছিল আমাদের ঘিরে। তোমার হাসি মাখা মুখ, শাসন, কথাবার্তা এবং হাঁটা-চলা এখনো চোখের সামনে ভাসে। মনে হয় তুমি আমাদের আশে পাশেই আছো। তুমি উপরে ছিলে শক্ত আর ভিতরে ছিলে অনেক নরম মনের মানুষ। তাই কষ্টও পেয়েছো অনেক।

ঈশ্বরের কাছে প্রার্থনা করি, যেন তিনি আমাদের মা-বাবাকে অনন্ত সুখ-শান্তি দান করেন এবং তার বাগানের সুন্দর ফুল করে রেখে দেন।

**তোমার অতি আদরের সন্তানেরা**

# ইন্টারন্যাশনাল বাংলাদেশী এডুকেশনাল অ্যান্ড কালচারাল ফোরাম
# INTERNATIONAL BANGLADESHI EDUCATIONAL & CULTURAL FORUM

**MERRY CHRISTMAS! MAY YOU GET CHANCE TO TAKE IN THE BEAUTY AND TRUE MEANING OF THE SEASON**


ANDERW RIPON GOMES
USA


ANUP ANTHONY GOMES
AUSTRALIA


BONIFASH GOMES
AUSTRALIA


DENIS DOMINIC ROZARIO
USA


JEWEL FRANCIS ROZARIO
SWEDEN


JEWEL PALMER
AUSTRALIA


JOHNNY GOMES
USA


MANUEL SONET D'COSTA
ITALY


NIOTY NIRMOLA ROZARIO
USA


PLACID SHIPON REBEIRO
FRANCE


SOMA GOMES
USA


SUZAN GOMES
USA

**বড়দিন ও নববর্ষ সবার জীবনে নিয়ে আসুক অনাবিল শান্তি ও আনন্দ**

বড়দিন সবার জীবনের নিয়ে আসুক সুখ ও সমৃদ্ধি

# ফ্ল্যাট বুকিং চলছে

আমরা অভিজ্ঞ স্থপতি দ্বারা আধুনিক মানসম্পন্ন ও রুচিশীল ভবন নির্মাণ করে থাকি। নিরিবিলি, মনোরম ও খোলামেলা পরিবেশে ঢাকা শহরের বিভিন্ন প্রাণকেন্দ্রে আকর্ষণীয় মূল্যে ফ্ল্যাট বুকিং চলছে।



## ফ্ল্যাটের বৈশিষ্ট্যসমূহ

৩টি বেড, ড্রয়িং, ডাইনিং, ফ্যামিলি লিভিং, ৪টি বাথ-কাম-টয়লেট, ৪টি বারান্দা ও রান্নঘর। লিফ্ট, জেনারেটর ও কার পার্কিং সুবিধা আছে।

## ফ্ল্যাটের আয়তন

- মনিপুরীপাড়াঃ ৭০০ (রেডি ফ্ল্যাট), ১৩৪৩, ১৩৫৮, ১৯৮৮ বর্গফুট
- তেজকুনিপাড়াঃ ১৩৫৮ বর্গফুট
- রাজাবাজার ঃ ১০১৫ বর্গফুট
- মিরপুর, সেনপাড়া পর্বতা ঃ ১৪৫০ বর্গফুট (রেডি ফ্ল্যাট)।

THE DREAM OF LIFE

**SREEJA A.R. BUILDERS LIMITED**

62/A, Monipuripara (1st Floor), Tejgaon, Dhaka-1215

Phone :+88-02-9117489, +88-01310095012, +88-01310095018

Find us at sarbuilders2010/ : sarbuildersltd@gmail.com : www.sreejaarbuildersltd.com +88-01310095012, +88-01310095018



সংসারের মায়া ছেড়ে আজিকে
গেল যে জন দাও প্রভু,
দাও তারে অনন্ত জীবন ॥

**আমাদের মা**
**শ্রদ্ধেয়া মার্গারেট গোমেজ**
জন্ম: ২৮ সেপ্টেম্বর, ১৯৩৭
মৃত্যু: ২৯ আগস্ট, ২০২১
গ্রাম: গুইপার বাড়ি
মোলাসিকান্দা, হাসনাবাদ

Eternal rest grant unto her, O Lord, and let perpetual light shine upon her. May she rest in peace. Love always, in the name of Jesus. Amen.

**শোকাহত পরিবারবর্গ**

রিপন গোমেজ
টিনা ফেলবিনা কস্তা
রায়ানা মার্গারেট গোমেজ এবং
পরিবারবর্গ

**বাবার চির বিদায়ের ২৯ বছর**

"বাবা তুমি ওপারে চলে গিয়েছ চিরতরে
তোমাকে স্মরি প্রার্থনায় ও স্মৃতিতে হৃদয়ভরে"



**প্রয়াত ডানিয়েল গমেজ**
জন্ম: ২২ জুন ১৯২২ খ্রিস্টাব্দ
মৃত্যু: ২৩ ডিসেম্বর ১৯৯২ খ্রিস্টাব্দ

সময়ের নিষ্ঠুরতাকে হার মানিয়ে নিয়ত তোমার নিঃসীম শূন্যতার অনুভূতি বারবার মনে করিয়ে দেয় তোমার বেদনাময় চলে যাবার স্মৃতি। মৃত্যু ক্ষণিকমাত্র। কিন্তু সীমাহীন তোমার ফেলে যাওয়া স্মৃতি। মৃত্যু যেমন বিয়োগ যন্ত্রণা, তেমনি স্বর্গধামে প্রবেশ পথের সেতু রচনা, যা অবিনশ্বর। মৃত্যু এতটাই নিষ্ঠুর যে, ছোট-বড় কাউকে বুঝে না। তোমার স্মৃতি আমাদের বারবার মনে করিয়ে দেয়। বাবা আমাদের দৃঢ় বিশ্বাস ঈশ্বর তোমাকে স্বর্গের ফুলদানীতে চির সবুজ করে সাজিয়ে রেখেছে।

তোমার স্বর্গীয় আশীর্বাদ আমাদের কাম্য।

**শোকার্ত পরিবারবর্গ**

গ্রাম: রাঙ্গামাটিয়া (বগীর বাড়ী), পোঃ অঃ রাঙ্গামাটিয়া
থানা : কালীগঞ্জ, জেলা: গাজীপুর।

কলেজ কোড : ৭৩১৪

কলেজ EIIN : 137031

# নটর ডেম কলেজ ময়মনসিংহ

## এসএসসি ২০২১ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের

# অভিনন্দন

## নটর ডেম কলেজ ময়মনসিংহ-এর

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত তথ্যাবলি

ঐতিহ্যবাহী নটর ডেম কলেজ ঢাকা এবং নটর ডেম কলেজ ময়মনসিংহ পবিত্র ক্রুশ যাজক সংঘ দ্বারা পরিচালিত।

**একাদশ শ্রেণিতে Online এ শিক্ষা বোর্ডের নিয়মানুসারে ভর্তি আবেদনের নূন্যতম যোগ্যতা**

- বিজ্ঞান বিভাগ : জিপিএ - ৪.৫০ (উচ্চতর গণিতসহ)
- মানবিক বিভাগ : জিপিএ - ৩.০০
- ব্যবসায় শিক্ষা বিভাগ : জিপিএ - ৩.০০
- বিজ্ঞান বিভাগ হতে ব্যবসায় ও মানবিক বিভাগ : জিপিএ - ৩.৫০

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ
কলেজ ক্যাম্পাসে অবস্থিত তথ্য কেন্দ্র (নিচ তলা)
মোবাইল ঃ ০১৯৮৭-০০৯১০০, ০১৮১৪৬৩৩১১১
Website : www.ndcm.edu.bd
বাড়েরা, বাইপাস মোড়, ময়মনসিংহ

MERRY Christmas
AND
HAPPY NEW YEAR

**Luxury Living at affordable cost**



# JEROME'S HEAVEN

( A HOMEBOUND Venture )

**At 550 North Kafrul, Dhaka**

Apartment For Sale
Size 1250 SFT & 1220 SFT

For Enquiry Please Contact
**Mr. Eric Quiah**
+88 01819250268

**Mr. Nizam Uddin Ahmed**
+88 01755 581512


# অভিনন্দন

# Congratulations



**রুয়েল লিংকন বাড়ৈ "ব্যারিস্টার এট ল"** সম্পন্ন করায় পিতা ঈশ্বরকে অনিঃশেষ কৃতজ্ঞতা।

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গত ১২ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে **রুয়েল লিংকন** লিংকন্স ইন, লন্ডনে কনভোকেশনের মাধ্যমে **'ব্যারিস্টার এট ল'** কমপ্লিট করেছেন। এর আগে BPP, UK থেকে তিনি Llb & Llm পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন।



ব্যারিস্টার রুয়েল লিংকন বাড়ৈ

শৈশবে মনিপুরীপাড়া শান্তির রাণী নার্সারি স্কুলে শিক্ষা জীবন আরম্ভ করে আসাদগেট সেন্ট যোসেফ স্কুলে পড়াশোনা করেন। ২০১১ খ্রিস্টাব্দে ঐতিহ্যবাহী সেন্ট গ্রেগরীজ হাই স্কুল থেকে Ssc এবং দেশসেরা নটর ডেম কলেজ থেকে ২০১৩ খ্রিস্টাব্দে Hsc পাশ করেন। এর পরে পিতার পেশার প্রতি গভীর আগ্রহ থেকে তার আইনজীবী হবার সাধনা শুরু হয়।



পিতা-মাতার সাথে ব্যারিস্টার রুয়েল দম্পতি

১৯৯৩ খ্রিস্টাব্দের ৪ আগস্ট রুয়েল লিংকন বাবা ব্যারিস্টার আলবার্ট বাড়ৈ এবং মা মারলিন ক্লারা বাড়ৈর (সহকারি অধ্যাপক) কোল আলোকিত করে এই ধরাধামে জন্মগ্রহণ করেন। পিতামাতা হিসেবে আমরা সর্বদা তাকে সুগঠন দিতে চেষ্টা করেছি, বাকিটা তার চেষ্টা এবং ঈশ্বরের অনুগ্রহ।

২০২০ খ্রিস্টাব্দের ১৪ ফেব্রুয়ারি রোজলিন পূজা বিশ্বাসের সাথে সে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। এখন থেকে ব্যারিস্টার রুয়েল লিংকন বাংলাদেশে থেকেই সমাজ ও মণ্ডলীকে সেবাদান করার বাসনা প্রকাশ করেছে।

ব্যারিস্টার রুয়েল লিংকনের পিতা-মাতা ব্যারিস্টার আলবার্ট বাড়ৈ ও মারলিন ক্লারা বাড়ৈ (সহকারি অধ্যাপক) - উভয়েই মাণ্ডলিক বিভিন্ন কর্মকাণ্ডে অনেকদিন যাবত সহায়তা দিয়ে যাচ্ছেন। ব্যারিস্টার আলবার্ট বাড়ৈ বিগত দুই দশক ধরে বিশপীয় সামাজিক যোগাযোগ কমিশনের সদস্য হিসেবে সাপ্তাহিক প্রতিবেশীতে সেবা দিচ্ছেন। পিতা-মাতার আদর্শ দেখে রুয়েল লিংকনও মাণ্ডলিক কাজে সেবা দেবার ইচ্ছা পোষণ করেন। ব্যারিস্টার রুয়েল লিংকন বাড়ৈ ও রোজলিন পূজা বিশ্বাস- এই নতুন দম্পতির জন্য আপনাদের প্রার্থনা ও আশীর্বাদ কামনা করি।

বাবা: ব্যারিস্টার আলবার্ট বাড়ৈ (বাংলাদেশ সুপ্রিম কোর্ট)
মা: মারলিন ক্লারা বাড়ৈ (সহকারি অধ্যাপক, নটর ডেম কলেজ, ঢাকা)

# Merry Christmas 2021



## Carnival Magic Cruise February 2020.

Florida - Bahamas - Grande Turk - Dominican Republic
40th wedding anniversary.
**Courtesy:** Daughter Joanne and son-in-law Troy Alan Henry.
Atlantic waves kept pushing us forward just ahead in time.

## MERRY CHRISTMAS AND HAPPY NEW YEAR - 2022 TO EVERYONE.

Maya Anjous Gomes
Peter Cornelius Gomes P. Eng.

❖ ✯ ❃ ❖ ✯ ❃

**With heavy heart we also remember**
**All those that we have lost.**
**Pray God makes the Coming year a better globe.**

"হে প্রভু আমাদের প্রাণপ্রিয় পাপাকে
তোমার গৃহে পরম শান্তি ও বিশ্রাম প্রদান কর"



পাপা,

২০২১ আমাদের জন্য প্রচণ্ড কষ্টের একটি বছর, কেননা এই বছরের ২৭ অক্টোবর ভোর রাতে তুমি আমাদের অজান্তে পরম পিতার গৃহে স্থান করে নিয়েছ। তোমার অভাব প্রতি নিয়তই আমাদের কাঁদায়। তোমার শুন্যতা আমাদের এক অপূরণীয় ক্ষতি। তুমি ছিলে আমাদের স্তম্ভস্বরূপ, তাই তোমাকে ছাড়া আমরা আজ অসহায়। যদি যে কোন কিছুর বিনিময়ে তোমাকে ফিরিয়ে আনতে পারতাম, তবে তাই করতাম।

তোমার অপরিসীম স্নেহ, ভালবাসা, ধৈর্য্যশীলতা ও মনোবল এই দুঃখের দিনগুলোতে আমাদের চলতে প্রেরণা যোগায়। কোন প্রকার কষ্টই কোনদিন তোমার ঈশ্বরের উপর বিশ্বাসে ভাঙ্গন ধরাতে পাড়েনি। তাই করুণাময় পিতার কাছে আমাদের একটিই প্রার্থনা, যেন আমরা সবাই একদিন তারই গৃহে তোমার সাথে পুনর্মিলিত হতে পারি।

- তোমারি আদরের

সীমা, রুমা, জয়ন্ত, নীলিমা এবং লিমা

Edited & Published by **Fr. Bulbul Augustine Rebeiro,** Christian Communications Centre, 61/1, Subhash Bose Avenue, Luxmibazar, Dhaka-1100 Bangladesh, Phone : (880-2) 47113885, Printed at Jerry Printing, 61/1, Subhash Bose Avenue, Luxmibazar, Dhaka-1100 Phone : 47113885, E-Mail : wklypratibeshi@gmail.com, Web: www.wklypratibeshi.org